COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 4th Semester Examinations, 2022

BENGALI

নাট্যতত্ত্ব ও বাংলা নাটক

CORE-9

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'Poetics' গ্রন্থটির লেখক কে ?

(খ) অ্যারিস্টটল নাটকের তিনটি ঐক্যের কথা বলেছেন — তিনটি ঐক্য কী কী ?

(গ) 'বেঙ্গলী' থিয়েটার কত খ্রীস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ? এর প্রতিষ্ঠাতা কে ?

(ঘ) কোন্ নাটকটি দিয়ে বেলগাছিয়া নাট্যশালার উদ্বোধন ঘটেছিল ?

(ঙ) ন্যাশনাল থিয়েটার কত খ্রীস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?

(চ) গিরিশ ঘোষ ও নটী বিনোদিনীর যুগলবন্দী বাংলার কোন্ থিয়েটারকে সমৃদ্ধ করেছিল ?

(ছ) 'মায়াকানন' নাটকটি কে রচনা করেন ?

(জ) 'নীলদর্পণ' নাটকটির রচনাকার হিসেবে দীনবন্ধু কী নাম ব্যবহার করেছিলেন ?

(ঝ) গিরিশচন্দ্র ঘোষের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ঞ) রবীন্দ্রনাথের দুটি কৌতুকনাট্যের নাম লেখো।

(ট) 'নবান্ন' নাটকটির লেখক কে ?

(ঠ) "জুড়াইছে ? জুড়াইছে ? আল্লা অ্যাঁয় কি জুড়াইছে ?" — কে, কোথায় একথা বলেছে ?

(ড) "পাঁচশো দিন বলছি, গ্রামে যুব পার্টি তৈরী হচ্ছে ... গায়ের ভূত ভবিষ্যত হ্যাপা হুজ্জুতি সামলাবে" — কে, কাকে একথা বলেছে ?

(ঢ) 'ট্রাজিডি' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কী ?

(ণ) 'একেই কি বলে সভ্যতা ?' প্রহসনের মূল চরিত্রটির নাম কী ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ট্রাজিডিতে ক্যাথারসিসের ভূমিকা আলোচনা করো।

(খ) টীকা লেখোঃ 'ডাকঘর'।

(গ) "না খাওয়া শুট্‌কাটা তার শুটকীক ডাকি কয়
প্যাট না থাকিলেরে মানুষ সুখী হইল হয়।" — তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) মেলোড্রামা কাকে বলে ? ট্রাজিডির সাথে মেলোড্রামার পার্থক্য কোথায় ?

(খ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

(গ) "মনোজ মিত্র কলম দিয়ে পৃথিবীর তাবৎ জমিচোরদের এভাবেই শাস্তি দিলেন" — প্রসঙ্গটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) কমেডি কাকে বলে ? কমেডির স্বরূপ বৈশিষ্ট্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে একটি সার্থক বাংলা কমেডির আলোচনা করো।

(খ) 'ছেঁড়াতার' নাটকটিকে সার্থক ট্রাজিডি বলা যায় কিনা আলোচনা করো।

(গ) বাংলা থিয়েটারের ইতিহাসে মিনার্ভা থিয়েটারের ভূমিকা আলোচনা করো।

——×——